

- ৯। এসেছে তুলসীদল মিশ্রিত চন্দন,
ছেড়ে দেবে, পূজি হরিচাঁদের শ্রীচরণ ॥
আমরা পূজিব, মহাপ্রভু হরিচাঁদকে আমরা পূজিব ॥
- ১০। যমপুরী শূন্য করি অসি পুরী শুদ্ধ,
আমরা পূজিব হরিচাঁদের শ্রীপাদপদ্ম ।
সবে বলে যম এসে কীর্তনে নাচিল,
হরিচাঁদ প্রতি সবে হরি হরি বল ॥

—গুরুচরণ



১২৪ নং

তাল--আড়খেম্টা রাগিনী--খাম্বাজ

ভক্ত সঙ্গে করি, বলে হরি হরি,
গৌসাই যাত্রা করলেন শ্রীধামে ।

বাজে খোল করতাল, বল হরি বল,

মগ্ন নামে প্রেমে ॥

- ১। ডঙ্কার ধ্বনি শুনতে পায়, সব লোকে দাঁড়িয়ে
চায়, ঐ গৌসাই গোপাল যায় ওড়াকান্দী ।
নিশান দেখলে চেনা যায়, ভক্তবৃন্দ গান গায়,
মাঝে মাঝে শুনা যায় হরি ধ্বনি ॥

অন্তরা

ধ্বনি শুনিয়ে গো, বাল্য বৃদ্ধ যুবা মাতে,

ধ্বনি শুনিয়ে গো—

নগরের নাগরী বলে, আমার এই কোলের ছেলে,

ইচ্ছা হয় মনে, যাই ফেলে গোপাল সাধু দরশনে ॥